

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি শাখা-৩
www.tmed.gov.bd

শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

নং- ৫৭.০০.০০০০.০৫৩.০৪.০০২.১৯-৪৩০

তারিখঃ ১৭ ^{আগস্ট} ১৪২৫ বঙ্গাব্দ
০১ আগস্ট, ২০১৯ খ্রিস্টাব্দ

অফিস আদেশ

জনাব শিবু চন্দ্র তপাদার, জুনিয়র ইনস্ট্রাক্টর (ডেসমেকিং এন্ড টেইলারিং), বান্দরবান টেকনিক্যাল স্কুল ও কলেজ, বান্দরবান এর বিরুদ্ধে ফেনী টেকনিক্যাল স্কুল ও কলেজের প্রাক্তন শিক্ষার্থী জনাব জান্নাতুল ফেরদৌস কর্তৃক ফেনী সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালতে প্রতারণা সংক্রান্ত পিটিশন মামলা নং-১০৩/২০১৮ এবং সি.আর মামলা নং-১৯/১৯ দায়ের করে। উক্ত মামলায় তিনি আদালতে জামিন আবেদন করলে আদালত তা নামঞ্জুর করে গত ২৮/০৫/২০১৯ তারিখে জেল হাজতে প্রেরণ করেন।

০২। জনাব শিবু চন্দ্র তপাদার, জুনিয়র ইনস্ট্রাক্টর (ডেসমেকিং এন্ড টেইলারিং), বান্দরবান টেকনিক্যাল স্কুল ও কলেজ, বান্দরবান গত ২৮/০৫/২০১৯ তারিখে ০১ (এক) দিনের ছুটির দরখাস্ত দিয়ে কর্মস্থল ত্যাগ করার পর দীর্ঘ দিন কর্মস্থলে অনুপস্থিত থাকায় প্রতিষ্ঠান কর্তৃক কর্মস্থলে ফিরে আসার জন্য ১১/০৬/২০১৯ তারিখে কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হয়। পরবর্তীতে তার অবস্থান জানিয়ে কারণ দর্শানোসহ কর্মস্থলে ফিরে আসার জন্য তার স্থায়ী ঠিকানায় রেজিস্টার্ড ডাকযোগে ২য় ও ৩য় কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হয়। কিন্তু তার বিরুদ্ধে প্রাক্তন ছাত্রী কর্তৃক দায়েরকৃত প্রতারণার মামলায় আদালতে জামিন আবেদন করলে আদালত তা নামঞ্জুর করে গত ২৮/০৫/২০১৯ তারিখে তাকে জেল হাজতে প্রেরণ করেন।


০৩। তার বিরুদ্ধে পিটিশন মামলা নং-১০৩/২০১৮ দায়ের এবং সি.আর মামলা নং-১৯/১৯ দায়ের এবং পরবর্তীতে উক্ত মামলায় আদালত কর্তৃক জেল হাজতে প্রেরণ করায় তার বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজুসহ তাকে এ পর্যায়ে জনস্বার্থে চাকরি থেকে সাময়িকভাবে বরখাস্ত (Suspension) করা যুক্তিযুক্ত মর্মে প্রতীয়মান হয়েছে।

০৪। এমতাবস্থায়, Note 2 under rule 73 of the BSR, Part 1 এর নির্দেশনা মোতাবেক এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ১২(১) অনুযায়ী তাকে জেল হাজতে প্রেরণের তারিখ অর্থাৎ ২৮/০৫/২০১৯ তারিখ হতে সরকারি চাকরী হতে সাময়িক বরখাস্ত (Suspension) করা হলো এবং একই সাথে বর্ণিত বিধিমালার আওতায় তার বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজু করার সিদ্ধান্ত গৃহীত হলো।

০৫। সাময়িক বরখাস্তকালীন সময়ে তিনি বিধি মোতাবেক খোরাকী ভাতা ও অন্যান্য সুবিধাদি প্রাপ্য হবেন।

০৬। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে


(মুনশী শাহাবুদ্দীন আহমেদ)

সচিব

ফোন: ৯৫৮২২২১

ই-মেইল: secretary@tmed.gov.bd